৮০

তারিখ 05 MAR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক ইনকিলাব

## চিঠিপত্র

### বাকৃবি ভর্তি পরীক্ষা ও সময়

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে '৯৩-৯৪ শিক্ষাবর্ষে ভর্তির নিমিত্তে দরখাস্ত আহবান করা হয়েছে। ইতিমধ্যে ভর্তি পরীক্ষার সময় নির্ধারিত হয়েছে। এবারই প্রথম MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় মোট প্রশ্ন হবে ২০০টি এবং ভর্তি নির্দেশিকা মতে— পদার্থ, রসায়ন, গণিত ও জীববিদ্যা হতে প্রায় সমানসংখ্যক প্রশ্ন থাকবে এবং প্রত্যেক প্রশ্নের উত্তর দিতে হবে। ২০০ প্রশ্নের জন্য সময় নির্ধারিত হয়েছে ২ ঘন্টা বা ১২০ মিনিট। অর্থাৎ প্রতি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সময় পাওয়া যাবে ৩৬ সেকেণ্ড। পক্ষান্তরে মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রতি প্রশ্নের জন্য সময় পাওয়া যায় ৪৮ সেকেণ্ড। এছাড়াও মেডিকেল ভর্তি পরীক্ষায় গণিতের MCQ নেই। কিন্তু বাকৃবি ভর্তি পরীক্ষায় গণিতে ৫০ নম্বরের MCQ থাকবে। গণিতে সাধারণত একটা অংকের খসড়া করে উত্তর দিতে হবে। এবং তা কোনক্রমেই ১/১·৫ মিনিট ছাড়া সম্ভব নয়। এমতাবস্থায় আমরা যারা ভর্তি পরীক্ষায় অংশ নিতে যাচ্ছি, তারা শংকিত এই ভেবে যে, আমরা চিন্তা করে উত্তর দিবার সুযোগ পাব না। আবার অনেকের ক্ষেত্রে প্রশ্নগুলোও চারটি সম্ভাব্য উত্তর একবার পড়ে বৃত্ত ভরাট করাও সম্ভব হবে না। কাজেই ভর্তি পরীক্ষার আহবায়ক কমিটির কাছে আমাদের আকুল আবেদন— সব দিক বিবেচনা করে পরীক্ষার সময় ২ ঘন্টার স্থলে ৩ ঘন্টা করা হোক।

—মোহাঃ অহিদুজ্জামান,
গচিহাটা, কিশোরগঞ্জ।

### কুমিল্লা বোর্ড-কর্তৃপক্ষ সমীপে

কুমিল্লা বোর্ডের ১৯৯৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার বিভিন্ন বিষয়ের পরীক্ষকগণ এ যাবত তাদের পারিশ্রমিক বিল না পাওয়ায় পবিত্র মাহে রমজানের এ দিনে অর্থনৈতিক সংকটে পতিত হয়েছেন। সামাজিক ও রাষ্ট্রীয় প্রধান উৎসব পবিত্র ঈদুল ফিতর অত্যাসন্ন। তাই পরিবার-পরিজন নিয়ে মুটামুটিভাবে যাতে ঈদের আনন্দ উপভোগ করা যায় এ জন্য পরীক্ষকদের পারিশ্রমিক বিলের চেক অতিসত্বর তাদের নিজ নিজ ঠিকানায় পাঠিয়ে দিলে উপকৃত হবেন। এ ব্যাপারে কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও চেয়ারম্যান-এর সুদৃষ্টি কামনা করছি।

—মুহাম্মদ মোস্তফা উদ্দীন,
সিনিয়র শিক্ষক,
শাহজাহাল জামেয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়,
সিলেট।